

**প্রাথমিকে প্রধান শিক্ষক
বদলি অধিদপ্তরের
হাতে যাচ্ছে**

নিজস্ব প্রতিবেদক >

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের বদলির ক্ষমতা প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালকের হাতে যাচ্ছে।

গত ১২ মার্চ জারি করা 'সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক বদলি নীতিমালা' অনুসারে উপজেলা শিক্ষা কর্মকর্তা ও জেলা শিক্ষা কর্মকর্তার সুপারিশের পরিপ্রেক্ষিতে বিভাগীয় উপপরিচালক প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের বদলি করতে পারবেন। নীতিমালা সংশোধন করে প্রধান শিক্ষকদের বদলির ক্ষমতা প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালকের হাতে দেওয়া হচ্ছে।

শিক্ষক বদলি নীতিমালা ঘোষণার পর বিভিন্ন পর্যায়ে ব্যাপক বদলিবাণিজ্যের অভিযোগ উঠে। এর পরিপ্রেক্ষিতে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়সংক্রান্ত সংসদীয় কমিটির সভায় সংসদ সদস্যরা শিক্ষক বদলি নীতিমালার সমালোচনা করেন ও তা সংশোধনের দাবি জানান।